Department of Education
Carmen Fariña, Chancellor

ডিস্ট্রিক্ট 30-এ প্রস্তাবিত জোন পরিবর্তন আই.এস. 145 এবং আই.এস. 230 -এর উপর প্রভাব ফেলবে
2015-2016 স্কুল বর্ষে শুরু হচ্ছে

নিউ ইয়র্ক সিটি শিক্ষা বিভাগ (ডিওই) এবং ডিস্ট্রিক্ট 30 কমিউনিটি এডুকেশন কাউন্সিল (সিইসি) বর্তমান আই.এস. 145 এবং আই.এস. 230 জোন পরিবর্তন করার প্রয়োজন চিহ্নিত করেছে।

ডিওই এই সমস্ত জোন পরিবর্তন করতে কেন প্রস্তাব দিচ্ছে?

- আই.এস. 145তে ভিড় দূর করার প্রয়োজন আছে।
- 74-03 34র্থ অ্যাভেনিউতে-এ অবস্থিত একটি নতুন অ্যানেক্স, বিল্ডিং কিউ297, সেপ্টেম্বর 2014-এ খুলবে এবং আই.এস. 230-এ অতিরিক্ত জায়গা প্রদান করবে। অ্যানেক্সে প্রায় 420 জন নতুন ছাত্রের জন্য জায়গা আছে।
- আই.এস. 230তে অতিরিক্ত জায়গা মানে অধিক সংখ্যক ছাত্র আই.এস. 230-এ আসতে পারবে এবং আই.এস. 145 এবং আই.এস. 230 উভয় স্থানের উপরই চাপ কম পড়বে।

এই জোন পরিবর্তন কবে কার্যকর হবে?

- এই প্রস্তাবিত জোন পরিবর্তন 2015-2016 স্কুল বর্ষে কার্যকর হবে।

এই প্রস্তাবিত জোন পরিবর্তনের ফলে ডিস্ট্রিক্ট 30-এ বসবাসকারী পরিবারগুলি কি পরিবর্তন আশা করে?

- আই.এস. 145 জোনের দক্ষিণ অঞ্চলের কিছু বসবাসকারীদের এখন থেকে আই.এস. 230 জোনে ধরা হবে।
- আই.এস. 230 জোনের উত্তরপূর্ব অঞ্চলের কিছু বসবাসকারীদের এখন থেকে আই.এস. 145 জোনে ধরা হবে।
- পিছনের মানচিত্রটি প্রস্তাবিত জোনের পরিবর্তন দেখাচ্ছে।

এই জোন পরিবর্তনের প্রস্তাবটি কাদের প্রভাবিত করবে?

- সিক্সথ গ্রেডের নতুন ছাত্ররা বা এনওয়াইসি স্কুলের 2015-2016 বর্ষের নতুন ছাত্ররা।
- বর্তমানে আই.এস. 230 এবং আই.এস. 245-এর ছাত্ররা তাদের স্কুলে থাকতে পারবে।

আই.এস. 145 এবং আই.এস. 230-এর ছাত্র ভর্তি এবং জায়গার উপর এই জোন পরিবর্তনটি কি ধরণের প্রভাব ফেলবে?

- 2017-2018 স্কুল বর্ষে, আই.এস. 145-এর মোট ভর্তি প্রায় 2,075 থেকে কমে 1,820-1,920 হতে পারে বলে মনে করা হচ্ছে। এর ফলে বিল্ডিং-এর ব্যবহার 120% থেকে কমে 100-110% হতে পারে বলে মনে করা হচ্ছে।
- 2017-2018 স্কুল বর্ষে নতুন একটি অ্যানেক্স যুক্ত হবার সঙ্গে সঙ্গে আই.এস. 230-এর মোট ভর্তি প্রায় 1,000 থেকে বেড়ে 1,300-1,400 হবে বলে আশা করা হচ্ছে। আই.এস. 230-র বিল্ডিং-এর ব্যবহার 100-110% হবে।

এই জোন পরিবর্তনের সিদ্ধান্ত কিভাবে হবে?

- ডিওই এই সমস্ত জোন পরিবর্তন ডিস্ট্রিক্ট 30 সিইসি জন সভায় 6ই ডিসেম্বর, 2013 এবং 13ই জানুয়ারি, 2014তে প্রস্তাব দিয়েছে।
- সিইসি জনগণের ফিডব্যাক সংগ্রহ করে।
- সিইসি জোন পরিবর্তনের অনুমোদনের জন্য দায়ী। সিইসি 30 এই প্রস্তাবের উপর 13ই ফেব্রুয়ারি, 2014 ভোট হবে বলে অনুমান করছে।

আমি কোথায় আরও তথ্য জানতে পারি?

- 13ই জানুয়ারি, 2014তে শেয়ার করা প্রস্তাবনাটি ডিওই ওয়েবসাইটে পাওয়া যাবেঃ http://schools.nyc.gov/community/planning/changes/queens/feedback?id=628

এই প্রস্তাব সম্পর্কে প্রশ্ন বা মন্তব্যের জন্য কার সঙ্গে যোগাযোগ করব?

- কমিউনিটি সুপারিন্টেনডেন্ট, ডা: ফিলিপ কম্পোস্টোঃ (718) 391-8323 বা Pcompos@schools.nyc.gov
- সিইসি 30: CEC30@schools.nyc.gov
- পোর্টফোলিও ম্যানেজমেন্টের দপ্তর: Queenszoning@schools.nyc.gov

জোনিং বা ভর্তি সম্পর্কে আরও তথ্য আমি কোথায় পেতে পারি?

- ছাত্র ভর্তির অফিসের ওয়েবসাইটঃ http://schools.nyc.gov/ChoicesEnrollment/Middle/default.htm

Department of Education
Carmen Fariña, Chancellor

<u>প্রস্তাবিত জোন (2015-2016):</u>

গোলাপি আকার আই.এস. 230-এর বর্তমান জোন দেখায় এবং সবুজ আকার আই.এস. 145-এর বর্তমান জোন দেখায়। কালো সীমারেখা প্রস্তাবিত জোনের সীমা দেখাচ্ছে। সমস্ত জোনের লাইন রাস্তার মাঝখান দিয়ে যায় যদি না অন্যভাবে উল্লিখিত থাকে। এই প্রস্তাব মান্যতা পেলে, 2015-2016 থেকে, কালো সীমারেখা দিয়ে একটি পরিবারের জোন নিশ্চিত করা হবে।